দৈনিক সংবাদ

তারিখ ১৪ JUL 1998
পৃষ্ঠা ১২ কলাম ৩

# ক্যাম্পাসে শিক্ষার উপযোগী পরিবেশ ফিরিয়ে আনুন ঃ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মেধা, প্রতিভা ও শিক্ষার বিকাশে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শৃংখলা ও শিক্ষার উপযোগী পরিবেশ ফিরিয়ে আনার আহ্বান জানিয়েছেন।

বাসস জানায়, সোমবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের স্থায়ী কমিটির সদস্যদের সাথে আলোচনা করার সময় শেখ হাসিনা বলেন, তার সরকার সব সময়ই সন্ত্রাসবাদকে নিরুৎসাহিত করেছে এবং এখনো করছে। আমাদের সরকার ফাঁপা শ্লোগানে বিশ্বাসী নয় বলে উল্লেখ করে তিনি বলেন আমাদের রাজনৈতিক অঙ্গীকার ও লক্ষ্য রয়েছে।

প্রধানমন্ত্রী বলেন, আমাদেরকে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলা করতে হবে। সে কারণেই ভবিষ্যৎ বংশধরদের গড়ে তুলতে হবে সুনাগরিক হিসেবে। তিনি আরো বলেন, ক্যাম্পাসে সন্ত্রাস মোকা-বেলায় তার দল সুনির্দিষ্ট প্রস্তাব পেশ করেছিল। কিন্তু তৎকালীন বিএনপি সরকার তা সমর্থন করেনি।

প্রতিনিধিদলের নেতৃত্ব দেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও স্থায়ী কমিটির চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। শিক্ষা খাতে সবচেয়ে বেশি বাজেট বরাদ্দ করার জন্য তিনি প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান।

দেশের সব বিশ্ববিদ্যালয় থেকে সন্ত্রাসবাদ নির্মূলের কাজে সহায়তা করার জন্য তারা প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান। তারা বলেন, ক্যাম্পাসে এখন মাত্র গুটিকয়েক সন্ত্রাসী রয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা দৃঢ় ভূমিকা পালন করায় এমনটা সম্ভব হয়েছে বলে তারা মনে করেন। উপাচার্যগণ তাদের কিছু সমস্যার কথাও প্রধানমন্ত্রীকে অবহিত করেন।

প্রতিনিধিদলের সদস্যদের মধ্যে ছিলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ব-বিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম হাবিবুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ, কে আজাদ চৌধুরী, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল খালেক, বুয়েটের উপাচার্য অধ্যাপক ইকবাল মাহমুদ, কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ হোসেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আমীরুল ইসলাম চৌধুরী, ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ কায়েস উদ্দিন, খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এস এম নজরুল ইসলাম, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক উপাচার্য আমিনুল ইসলাম ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম আমিনুল ইসলাম।

এছাড়াও অন্যদের মধ্যে উপস্থিত প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ডঃ এস এ সামাদ।

**কাতারের রাষ্ট্রদূতের বিদায়ী সাক্ষাৎ ঃ** বাংলাদেশে নিযুক্ত কাতারের রাষ্ট্রদূত আতিক নাসের সুলতান আল-বদর সোমবার সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে তার কার্যালয়ে এক বিদায়ী সাক্ষাতে মিলিত হন।